# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৬৭

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৮. খাদ্যের কোনো গ্রাস পড়ে গেলে

## بَاب فِي اللُّقْمَةِ إِذَا سَقَطَتْ

আরবী

أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ عَنْ يُونُسَ عَنْ الْحَسَنِ قَالَ كَانَ مَعْقِلُ بْنُ يَسَارٍ يَتَغَدَّى فَسَقَطَتْ لُقْمَتُهُ فَأَخَذَهَا فَأَمَاطَ مَا بِهَا مِنْ أَذًى ثُمَّ أَكَلَهَا فَجَعَلَ أُولَئِكَ الدَّهَاقِينُ يَتَغَامَزُونَ بِهِ فَقَالُوا لَهُ مَا تَرَى مَا يَقُولُ هَؤُلَاءِ الْأَعَاجِمُ يَقُولُونَ انْظُرُوا إِلَى مَا بَيْنَ يَدَيْهِ مِنْ الطَّعَامِ وَإِلَى مَا يَصْنَعُ بِهَذِهِ اللُّقْمَةِ فَقَالَ إِنِّي لَمْ أَكُنْ أَدَعُ مَا سَمِعْتُ بِقَوْلِ هَؤُلَاءِ الْأَعَاجِمِ إِنَّا كُنَّا نُؤْمَرُ إِذَا سَقَطَتْ مِنْ أَحَدِنَا لُقْمَةٌ أَنْ يُمِيطَ مَا بِهَا مِنْ الْأَذَى وَأَنْ يَأْكُلَهَا

বাংলা

২০৬৭. মা’কিল ইবনে ইয়াসার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন যে, একদা তিনি সকালের খাবার খাচ্ছলেন। হঠাৎ তার একটি গ্রাস নিচে পড়ে গেলো। তিনি তা তুলে নিয়ে তার ময়লা দূর করে আহার করেন। তিনি বলেন- এতে অনারব ব্যবসায়ীরা চোখ টিপাটিপি করতে লাগলো। তারা তাকে বললো, আপনি কি দেখছেন না, এ সকল অনারবরা কী বলছে? তারা বলছে: তার সামনে (অনেক) খাবার অথচ তিনি এ পতিত লুকমাটি নিয়ে কী করছেন, .দেখ! তিনি বলেন, এসব অনারবের কথায় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শ্রুত কথা ত্যাগ করতে প্রস্তুত নই। আমাদের মধ্যে কারো খাবারের গ্রাস পড়ে গেলে তাকে নির্দেশ দেয়া হতো যে, সে যেন তা তুলে নিয়ে তার ময়লা দূর করে খেয়ে নেয় এবং শয়তানের জন্য ফেলে না রাখে।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ ইনকিতা’ বা বিচ্ছিন্নতার কারণে যয়ীফ। হাসান মা’কিল ইবনু ইয়াসার রাদ্বিয়াল্লাহু আনহু হতে শোনেননি। তবে তার থেকে মারফু’ হিসেবে সহীহ যা পরবর্তী হাদীসটি এর শাহিদ বা সাক্ষ্য প্রদানকারী। ((তবে একে আলবানী (যয়ীফ ইবনু মাজাহ, ৭০৭) এবং এবং ড. বাশশার আউয়াদ মা’রুফ (তাহক্বীক্ব: ইবনু মাজাহ নং ৩২৭৮) যয়ীফ বলেছেন।– অনুবাদক))

তাখরীজ: ইবনু মাজাহ, আতইমাহ ৩২৭৮; তাবারাণী, আল কাবীর ২০/২০০-২০১ নং ৪৫০-৪৫৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মা'ক্বিল ইবনু ইয়াসার (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82350

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন